দুই রাকাত নামাজের জন্য
কিছু দুআ ও সূরা জানতে হয়।
চলো প্রথমে সেই দুআ ও
সূরাগুলো মুখস্থ করি।

তাকবিরে তাহরিমা

اَللّٰهُ أَكْبَرُ

আল্লাহ মহান

জামায়াতে দাঁড়ানোর নিয়ম



সিজদায় যাই

৬

আল্লাহু আকবার বলে সিজদায় যাই। দুই হাতের তালুকে সামনে রাখি। দুই তালুর মাঝে নাক ও কপাল রাখি। সিজদার তাসবিহ ৩/৫/৭ বার পড়ি।

সিজদা থেকে উঠে বসি

৭

আল্লাহু আকবার বলে সিজদা থেকে উঠে বসি। হাত দুটি দুই উরুর ওপর রাখি। দুই সিজদার মাঝের দুআ পড়ি।

রুকুতে যাই

৪

তাকবির দিয়ে রুকুতে যাই। দুই হাত দিয়ে হাঁটুর ওপর ভর দিই। পিঠ সোজা রাখি, যেন একটি গ্লাস রাখা যায়। তাসবিহ পড়ি।

রুকু থেকে উঠি



৫

সামিআল্লাহু লিমান হামিদা পড়ে রুকু থেকে উঠি। সোজা হয়ে দাঁড়াই। রুকুর পরের দুআ পড়ি।

তাকবিরে তাহরিমা

২

দুই হাত কাঁধের ওপর তুলি। আঙুলগুলো কিবলামুখী করি। আল্লাহু আকবার বলে হাত বাঁধি।

দুই হাত বাঁধি

৩

নাভির ওপর দুই হাত বাঁধি। তারপর সানা পড়ি। তাআব্বুজ-তাসমিয়া এবং সূরা ফাতিহা পড়ি। সূরা ফাতিহা শেষে আমিন ও বিসমিল্লাহ বলি। তারপর আরেকটি সূরা পড়ি।

সূরা ফাতিহা

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ - اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ - مٰلِكِ يَوْ

اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ - اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْ

الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ - غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا ا

সূরা ফাতিহার অর্থ

১. সকল প্রশংসা শুধু আল্লাহর জন্য, যিনি গোটা বিশ্বজগতের রব। ২. যিনি পরম দয়ালু ও করুণাময়। ৩. যিনি বিচার দিনের মালিক। ৪. আমরা শুধু তোমারই ইবাদত করি এবং শুধু তোমার কাছেই সাহায্য চাই। ৫. তুমি আমাদের সোজা-সঠিক পথ দেখাও। ৬. তাদের পথ, যাদের ওপর তুমি দয়া করেছ, যাদের ওপর তোমার গজব পড়েনি এবং যারা পথহারা হয়নি।

সানার অর্থ

হে আল্লাহ! আমি আপনার পবিত্রতা বর্ণনা করছি। আপনি প্রশংসাময়, আপনার নাম বরকতময়, আপনার মর্যাদা অতি উচ্চে। আর আপনি ছাড়া সত্যিকার কোনো মাবুদ নেই।

তাআব্বুজ

أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

বিতাড়িত শয়তান থেকে
আল্লাহর কাছে আশ্রয় চাই।

তাসমিয়া

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

শুরু করছি পরম করুণাময় ও
অসীম দয়ালু আল্লাহর নামে।

সানা

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَ بِحَمْدِكَ وَ تَبَارَكَ اسْمُكَ

وَ تَعَالٰى جَدُّكَ وَ لَا اِلٰهَ غَيْرُكَ